

উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কিত তথ্য

ক্রমিক নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবনী আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	প্রত্যাশিত ফলাফল	উদ্ভাবকের নাম ও পদবি	কর্মস্থল	মোবাইল ও ই-মেইল	বাস্তবায়ন এলাকা	সুফলভোগীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
০১	সেবা সহজিকরণে হেল্প ডেস্ক স্থাপন	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে প্রতিদিনই বিভিন্ন শ্রেণী-পেশার শিক্ষিত-অশিক্ষিত নানা ধরনের সেবা-প্রত্যাশী সেবা গ্রহণ করতে আসেন। দপ্তরের বহুবিধ সেবার মধ্যে কোন সেবাটি কোন কক্ষে গেলে বা কার কাছে গেলে সহজে পাওয়া যাবে সেবা গ্রহীতার পক্ষে সেটি জানতে বা বুঝতে অনেকটা শ্রম ও সময় দিতে হয়। অনেক সেবা প্রত্যাশী অফিসে প্রবেশের পর কাউকে জিজ্ঞেস করতেও ইতস্তত বোধ করে। সেক্ষেত্রে যদি দপ্তরের মূল ভবনের ভিতরে প্রবেশ পথে স্বল্প পরিসরে একটি হেল্প ডেস্ক স্থাপন করা হয় তাহলে সেটি সেবা-গ্রহীতাদের সঠিক সেবাটি স্বল্প সময়ে পেতে সহায়ক ভূমিকা পালন করবে। রোটেশন ভিত্তিতে প্রতি কর্মদিবসে ০১ জন কর্মচারি (রাজস্ব/প্রকল্পভুক্ত) হেল্প ডেস্কের দায়িত্বে থাকবেন এবং তিনি সেবা গ্রহীতাকে অভ্যর্থনা পূর্বক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।	হেল্প ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মচারি অফিসে আগত সেবা-গ্রহীতাদের প্রথমেই যদি অভ্যর্থনা পূর্বক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে তাহলে তাদের যেকোন সেবা পেতে সময় ও শ্রম যেমন কম লাগবে তেমনি দাপ্তরিক সেবা সম্পর্কে একটি পজিটিভ ধারণার সৃষ্টি হবে। ফলে দপ্তরের ভাবমূর্তিও উজ্জ্বল হবে।	ডাঃ আলোকেশ কুমার সরকার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কেশবপুর, যশোর হিসেবে সদ্য যোগদানকৃত।	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কেশবপুর, যশোর।	০১৯১৪- ৬৫০৫৫০ e-mail: alokeshdvm@gmail.com	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কেশবপুর, যশোর। তবে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসেই উদ্যোগটি বাস্তবায়ন যোগ্য।	দপ্তরে আগত সেবা-গ্রহীতাদের একটা বড় অংশই এর সুফলভোগী হবে।
০২	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে অপারেশন সেড স্থাপন	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে প্রায়সই গবাদি-প্রাণি, পোষা-প্রাণি ও হাঁস-মুরগির চিকিৎসা-সেবা নিতে আসা সেবা-গ্রহীতারা তাদের প্রাণিটিকে/পাখিটিকে নিয়ে আসেন। হাসপাতালে আগত এসব প্রাণি/পাখির বিবিধ শৈল্য চিকিৎসা (যেমনঃ Hernia, Tumor, Abscess, Cyst, Fracture, Wound Dressing, Post Mortem ইত্যাদি) সূষ্ঠাভাবে সম্পাদনের জন্য অন্ততপক্ষে আলো, বাতাস এবং পানি সরবরাহের ব্যবস্থায়ুক্ত একটা উপযুক্ত স্থান/কক্ষ ও একটি অপারেশন টেবিলের প্রয়োজন হয়। কিন্তু বর্তমানে অধিকাংশ ক্ষেত্রেই ভেটেরিনারিয়ানকে সেবা-গ্রহীতার আনা ভ্যানে/পরিবহনে/মেঝেতে শুইয়ে সকলের সম্মুখে Major / Minor Operation করতে হয় যা যথেষ্ট স্বাস্থ্যকর বা উপযোগী নয়। সেজন্য দাপ্তরিক বরাদ্দ বা উপজেলা পরিষদের এডিপি বরাদ্দ হতে স্বল্প পরিসরে শৈল্য চিকিৎসা সম্পাদনের জন্য ন্যূনতম সুযোগ-সুবিধা সম্পন্ন একটি সেড স্থাপন করা হলে হাসপাতালের শৈল্য চিকিৎসা কার্যক্রমটি সূষ্ঠাভাবে সম্পাদন করা যাবে। সেডটিতে অবশ্যই থাকবেঃ একটি ছোট কক্ষ যা কৃত্রিম প্রজনন কার্যক্রমের ট্রাভিস বসানোর সেডটির নিকটবর্তী, বিদ্যুৎ ও পানি সরবরাহের ব্যবস্থায়ুক্ত ৭ফুট*৮/৯ফুট মাপের এবং Animal Restraining ও অপারেশনের প্রয়োজনীয় যন্ত্রপাতি রাখার আনুষঙ্গিক সুবিধা সম্পন্ন Install কৃত স্টীলের মজবুত ৩ফুট*৫.৫-৬ফুট মাপের একটি অপারেশন টেবিল।	০১। হাসপাতালে আগত প্রাণি/পাখির বিবিধ শৈল্য চিকিৎসা কার্যক্রম সূষ্ঠাভাবে সম্পাদন করা যাবে। ০২। ভেটেরিনারিয়ানকে সেবা-গ্রহীতার আনা ভ্যান/পরিবহনে/মেঝেতে শুইয়ে সকলের সম্মুখে Major / Minor Operation করার প্রয়োজন পড়বেনা। ০৩। অসুস্থ প্রাণিকে দ্রুততার সাথে সুস্থ করা যাবে এবং সেবা-গ্রহীতাদের আস্থা অর্জনের পাশাপাশি তাদের আর্থিক ক্ষতিও কমানো সম্ভব হবে।	ডাঃ আলোকেশ কুমার সরকার উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কেশবপুর, যশোর হিসেবে সদ্য যোগদানকৃত।	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কেশবপুর, যশোর।	০১৯১৪- ৬৫০৫৫০ e-mail: alokeshdvm@gmail.com	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কেশবপুর, যশোর। তবে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সকল ভেটেরিনারি হাসপাতালে উদ্যোগটি বাস্তবায়ন যোগ্য।	শৈল্য চিকিৎসার প্রয়োজনে হাসপাতালে আগত অধিকাংশ প্রাণি/পাখি/ তাদের মালিক এবং চিকিৎসার সাথে জড়িত ভেটেরিনারিয়ান ও তার সহকারি কর্মচারি উদ্যোগটির সুফলভোগী হবে।